

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২১.২৫৫৯

তারিখ: ০৮ পৌষ ১৪২৮
২৩ ডিসেম্বর ২০২১

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
হিসাব ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৬০০) অধীনে 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে এককালীন অর্থ অবমুক্তি।

জনাব মোঃ আব্দুল্লাহ পি.ইঞ্জ, পাকুরিয়া, সদর, শেরপুর এর ২০ ডিসেম্বর ২০২১ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী'র নির্দেশনা অনুযায়ী জেলা পরিষদ, শেরপুর কর্তৃক নিম্নবর্ণিত স্কিম বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের অধীনে (কোড নং-২২১০০০৬০০) 'মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ' শীর্ষক উপ-খাত হতে (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) উক্ত জেলা পরিষদের অনুকূলে ৮.০০ (আট) লক্ষ টাকা অবমুক্তির সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র:	জেলা পরিষদ	স্কিম	বরাদ্দকৃত অর্থ
	জেলা পরিষদ, শেরপুর	শেরপুর জেলার সদর উপজেলার পাকুরিয়া ইউনিয়নের 'গণই মমিনাকান্দা জামে মসজিদ' উন্নয়ন।	৮.০০ (আট) লক্ষ টাকা

- ২। এ ব্যয় চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৬০০/৪১১১৩১৭ 'জেলা পরিষদ উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- ৩। অর্থ বিভাগের গত ০১ আগস্ট ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০১৮.২০১৭-৩০৭ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এবং নিম্নবর্ণিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:
- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
 - ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
 - এ সংক্রান্ত অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২২ এর মধ্যে সরকারি কোষাগারে সমর্পণ করতে হবে।
- ৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এই অর্থ ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিব এ মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৮.২০২১.২৫৫৯/১(২০)

তারিখ: ০৮ পৌষ ১৪২৮
২৩ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দ. আ. উপসচিব (বাজেট-১১ অধিশাখা)।
- সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ।
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, শেরপুর।
- সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শেরপুর জেলা।
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-(এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- জনাব মোঃ আব্দুল্লাহ পি.ইঞ্জ, পাকুরিয়া, সদর, শেরপুর।

বরাবর

মাননীয় মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মি. মন্ত্রী.
১৫ ডিসেম্বর ২০২০
শেরপুর সদর উপজেলা
পাকুরিয়া ইউনিয়ন
গণই মমিনাকান্দা জামে মসজিদ
১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ
২০/১২/২০২০
মোঃ আব্দুল হুসেন মন্ত্রী
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার।

বিষয়ঃ শেরপুর সদর উপজেলার পাকুরিয়া ইউনিয়নের “গণই মমিনাকান্দা জামে মসজিদের” সংস্কার কাজ ও উন্নয়নের জন্য ১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী শেরপুর সদর উপজেলাধীন, পাকুরিয়া ইউনিয়নের গণই মমিনাকান্দা গ্রামের বাসিন্দা। আমাদের এলাকার “গণই মমিনাকান্দা জামে মসজিদ” অতি পুরাতন মসজিদ। বৃহৎ সংখ্যক ধর্মপ্রাণ মুসল্লিগণের নামাজ আদায়ে মসজিদের জায়গা সংকুলান না হওয়ায় মসজিদটি সংস্কারের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। সুষ্ঠুভাবে নামাজ আদায়ের স্বার্থে অতিসত্ত্বর মসজিদের সংস্কার কাজ ও উন্নয়ন করার জন্য মসজিদের অনুকূলে ১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ অর্থ বরাদ্দ বিশেষ প্রয়োজন।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, “গণই মমিনাকান্দা জামে মসজিদ” সংস্কার কাজ ও উন্নয়ন করার জন্য মসজিদের অনুকূলে ১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশদানের জন্য বিনীত অনুরোধ করছি।

অতিরিক্ত সচিব (প্রশাসন)

100W
20/12/2020

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বিনীত নিবেদক

Masleh
20/12/2020
সভাপতির পক্ষে-

মোঃ আব্দুল্লাহ পি. ইঞ্জ
পাকুরিয়া, শেরপুর সদর, শেরপুর।

অতিঃ/সিনিয়র সচিব-প্রশাসন/সিনিয়র সচিব
তারিখ: 20/12/2020
অতিরিক্ত সচিব (প্রশাসন)